


→ ২।৬৯০২



সরকারা প্রাথমিক শিক্ষকগণ রাজনৈতিক কর্মকাণ্ডে জড়ালে তদন্ত করে ব্যবস্থা স্বাস্থ্যমন্ত্রী

সংসদ রিপোর্টার ৪ সংসদকার্যে প্রাথমিক
ও গণশিক্ষা: বিভাগের দায়িত্বপ্রাপ্ত বাস্থ ও
পরিবার কল্যাণ, মন্ত্রী ডঃ বন্দকার
মোশাররফ হোসেন বলেছেন, সরকারী
প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ ও সরকারী
কর্মচারী। অত্যক্ষতভাবে কোন রাজনৈতিক
ভেপরতায় তাদের জড়িত ইওয়ার সুযোগ
নেই। যদি কেউ রাজনৈতিক দলের
সমাবেশ-মিছিলে ঘোগ দিয়ে রাজনৈতিক
কর্মীর ভূমিকায় জড়িয়ে যান এবং এ ধরনের
সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া যায় তাহলে
তদন্ত করে যথাযথ আইনগত ব্যবস্থা নেয়া
হবে।

গতকাল (সোমবার) জাতীয় সংসদের
প্রশ্নাত্তরপরে চাপাইনবগুজার অধ্যাপক
মোঃ শাহজাহান মিয়ার একটি সম্পূর্ণক
প্রশ্নের জবাব দিতে গিয়ে ডঃ বন্দকার
মোশাররফ হোসেন একথা বলেন। বিভিন্ন
সদস্যের একাধিক প্রশ্নের জবাবে ডঃ
মোশাররফ হোসেন বলেন, যেসব
বেসরকারী প্রাথমিক বিদ্যালয় এখনো
রেজিষ্টার্ড হয়নি নীতিমালার শর্ত পূরণ
সাপেক্ষে পর্যায়ক্রমে সেগুলো রেজিষ্টার্ড
করা হবে। অন্য ভবিষ্যতে সব ধরনের
প্রাথমিক বিদ্যালয়কে একই স্তরে নিয়ে
আসাৰ 'পরিকল্পনা' সরকারের রয়েছে।
তিনি জানান যে, দেশে বর্তমানে সরকারী
প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৩৭ হাজার
৬৭১টি। রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক
বিদ্যালয়ের সংখ্যা ১৯ হাজার ৪২৮টি এবং
নন-রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক
বিদ্যালয়ের সংখ্যা ১,৯৭১টিসহ অন্যান্য
ক্যাটাগরিয়ের বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের
মোট সংখ্যা প্রায় ৪০ হাজার।